# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৩২

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ বাবার মৃত্যুর পর তাঁর ভাইদের সাথে সদাচারণ করা ও সুসম্পর্ক বজায় রাখা কবরস্থ বাবার সাথে সুসম্পর্ক বজায় রাখার শামিল

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ بِرَّ الْمَرْءِ بِإِخْوَانِ أَبِيهِ وَصِلَتَهُ إِيَّاهُمْ بَعْدَ مَوْتِهِ مِنْ وَصْلِهِ رَحِمَهُ فِي قَبْرِهِ

আরবী

أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ حَدَّثَنَا هُدْبَةُ بْنُ خَالِدٍ قَالَ حَدَّثَنَا حَزْمُ بْنُ أَبِي حَزْمٍ عَنْ ثَابِتٍ الْبُنَانِيِّ عَنْ أَبِي بُرْدَةَ قَالَ قَدِمْتُ الْمَدِينَةَ فَأَتَانِي عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ فقَالَ أَتَدْرِي لِمَ أَتَيْتُكَ قَالَ قُلْتُ لَا قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ "مَنْ أَحَبَّ أَنْ يَصِلَ أَبَاهُ فِي قَبْرِهِ فَلْيَصِلْ إِخْوَانَ أَبِيهِ بَعْدَهُ" وَإِنَّهُ كَانَ بَيْنَ أَبِي عُمَرَ وَبَيْنَ أَبِيكَ إِخَاءٌ وَوُدٌّ فَأَحْبَبْتُ أَنْ أَصِلَ ذاك."

الراوي : أَبو بُرْدَةَ عَنْ عَبْدِ اللَّهِ بْن عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني |

المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 432 | خلاصة حكم المحدث: حسن.

বাংলা

৪৩২. আবু বুরদাহ বলেন, আমি মদীনায় আগমন করলে, আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা আমার কাছে আসেন এবং আমাকে বলেন, “তুমি কি জানো, আমি তোমার কাছে কেন এসেছি?” তিনি বললেন: “আমি বললাম, না।” তখন তিনি বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন: “যে ব্যক্তি তার কবরস্থ বাবার সাথে সদাচারণ করতে চায়, সে যেন বাবার মৃত্যুর পর তাঁর ভাইদের সাথে সুসম্পর্ক বজায় রাখে।” আমার ও তোমার বাবার মাঝে ভ্রাতৃত্ব ও বন্ধুত্ব ছিল। কাজেই আমি সেই সম্পর্ক বজায় রাখতে পছন্দ করি।”[1]

ফুটনোট

[1] আল মাতালিবুল আলি‘আহ: ২৫১৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (আত তা‘লীকুর রাগীব: ৩/২১৯।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ বুরদাহ্ ইবনু আবূ মূসা আশ‘আরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88896

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন